

যুগান্তর

তারিখ ... ০-৪-JAN-2007 ...
পৃষ্ঠা ... ৩৭ ...

১০/১/০৭
SL

যশোর শিক্ষা বোর্ডের সচিবকে শান্তিমূলক বদলি

যশোর বারো

দুর্নীতি ও অনিয়মের অভিযোগে যশোর শিক্ষাবোর্ডের সচিব আবদুল হক মোল্লাকে শান্তিমূলক বদলি করা হয়েছে। তাকে ঢাকার ডি.জি. অফিসে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে। রোববার শিক্ষা মন্ত্রণালয় থেকে বদলি সংক্রান্ত এ আদেশ যশোর শিক্ষাবোর্ডে পৌঁছায়। তার স্থলে খুলনা বি.এল. কলেজের প্রফেসর নূরুল ইসলাম সরকারকে নিয়োগ দেয়া হয়েছে বলে বোর্ডের একটি সূত্র জানায়। সচিব আবদুল হক মোল্লা পর্যায়ক্রমে যশোর শিক্ষাবোর্ডে ১০ বছর চাকরি করেন। তার আমলে বোর্ডের নিয়োগ থেকে শুরু করে বিভিন্ন বিষয়ে ব্যাপক দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ওঠে। এ সম্পর্কে যুগান্তরসহ বিভিন্ন পত্রপত্রিকায় রিপোর্ট প্রকাশের পর প্রেক্ষিতে শিক্ষাবোর্ডের দুর্নীতি ও অনিয়মের তদন্ত শুরু হয়। তদন্ত রিপোর্টে দুর্নীতিবাজদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলেও তা বাস্তবায়নের নজির খুব কমই আছে। রোববার যশোর শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর হাফিজুর রহমান মিয়াদ পদে যোগাযোগ করা হলে তিনি সচিবের বদলির কথা স্বীকার করেন।